দৈনিক খবর

তারিখ 27 AUG 1993
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ২

সিণ্ডিকেটের সভা স্থগিত

# ইসলামী বিশ্ববিদ্যালয় খোলা অনিশ্চিত

কুষ্টিয়া ব্যুরো থেকে মতিউর রহমান শান্টু ● ইসলামী বিশ্ববিদ্যালয় খুলে দেবার ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের পূর্ব ঘোষিত সিন্ডিকেটের সভা আকস্মিকভাবে স্থগিত করা হয়েছে। ফলে আগামী মাসে বিশ্ববিদ্যালয় খুলে দেবার যে জল্পনা-কল্পনা চলছিল তার অবসান হয়েছে। ফলে ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের মধ্যে মারাত্মক অসন্তোষ দেখদিয়েছে।

উল্লেখ্য, গত ৫ই জুলাই জাতীয়তাবাদী ছাত্রদল ও ছাত্র শিবিরের মধ্যে এক সংঘর্ষের ফলে বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্যে বন্ধ করে দেয়া হয়। আগামী ১লা সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয় পুনরায় খুলবে বলে কর্তৃপক্ষ ছাত্র-ছাত্রীদের সামনে মৌখিকভাবে আশ্বাস দিয়েছিলেন এবং গতকাল বৃহস্পতিবার সিন্ডিকেটের সভায় এ ব্যাপারে সিদ্ধান্ত নেবার কথা ছিল। কিন্তু সিন্ডিকেটের সভা স্থগিতের ফলে বিশ্ববিদ্যালয় কবে খুলব তা নিয়ে সংশয় দেখা দিয়েছে।

এ ব্যাপারে ছাত্রলীগ ইসলামী বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি ও সাধারণ সম্পাদক শাহজাহান আলম সাজু ও

২-এর পাতা ৩য় কঃ দেখুন

## ইসলামী

প্রথম পৃষ্ঠার পর

আলমগীর হোসেন খান স্বাক্ষরিত এক বিবৃতিতে বিশ্ববিদ্যালয় দীর্ঘদিন ধরে বন্ধ থাকায় উদ্বেগ প্রকাশ করেছেন এবং অবিলম্বে ভিসিকে অপসারণ করে ক্লাস চালু করার দাবী জানিয়েছেন।